



নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

আবেদনপত্র জমা দেয়ার শেষ
তারিখ: ১৫ মার্চ ২০২১

স্মারক নং-১৪/৭৮৬/স্ব-অর্থায়ন-০১


০১ মার্চ ২০২১

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)-এ নিম্নবর্ণিত পদে জরুরী ভিত্তিতে চুক্তিভিত্তিক (স্ব-অর্থায়ন) জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

ক্রমিক	পদের নাম, বেতন গ্রেড, পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অফিস সহকারী কাম ডাটা প্রসেসর পদের সংখ্যা : ০১ বেতন সর্বসাকুল্যে - ২০,০০০/- বয়স : ১৮-৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতক। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে। (খ) অভিজ্ঞতা: টাইপিং এ প্রতিমিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে।

শর্তাবলি :

- ১। আগ্রহী প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া হাতে হাতে অথবা ডাকযোগে আগামী ১৫ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকা) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্, মিরপুর, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌঁছাইতে হইবে।
- ২। আবেদন ফরম-৩ প্রযোজ্য। ফরমসমূহ বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd এর হোম পেইজের [career](#) মেনু হইতে ডাউনলোড করিয়া আবেদন করিতে হইবে।
- ৩। এমআইসিটি, এফএসটি, বিইউপি, মিরপুর শাখা (হিসাব নং: ০০২৮-০২১০০১০৭৫২)-এর অনুকূলে ৪০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- ৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।
- ৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানের নিকট হইতে প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৭। জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)/ জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- ৮। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।
- ৯। খামের উপর প্রার্থীর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করিতে হইবে।
- ১০। ০৩ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে ভরে দাখিল করিতে হইবে।
- ১১। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।
- ১২। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- ১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।
- ১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৫। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।
- ১৬। কর্তৃপক্ষ উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৭। বিইউপি হট লাইন নম্বর ৮৮-০২-৮০০০৩৬৮।


রেজিস্ট্রার

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)